



“শেখ হাসিনার বারতা
নারী - পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
লৌহজং, মুন্সীগঞ্জ।

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ক্লাব ম্যানেজমেন্ট কমিটির (সিএমসি) ২০২২ সালের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি :	মোঃ আব্দুল আউয়াল উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুন্সীগঞ্জ।
স্থান :	উপজেলা পরিষদ সভাকক্ষ, লৌহজং, মুন্সীগঞ্জ।
তারিখ :	২৯/০৩/২০২৩ খ্রি:
সময় :	দুপুর ১২.০০ টা

উপস্থিত সদস্য বৃন্দের হাজিরা পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আরাধনা রানী কর্মকারকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	<p>সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে লৌহজং উপজেলায় প্রতি ইউনিয়নে ১টি করে মোট ১০টি ক্লাব রয়েছে। ক্লাব গুলি সংশ্লিষ্ট ইউনিয়নের সরকারী প্রাথমিক বিদ্যালয়ে স্থাপন করা হয়েছে। ক্লাবগুলির নাম ও বিদ্যালয়ের নাম নিম্নরূপ-</p> <p>১। বেজগাঁও কিশোর-কিশোরী ক্লাব - বেজগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়, লৌহজং ২। বৌলতলী কিশোর-কিশোরী ক্লাব - বৌলতলী সরকারী প্রাথমিক বিদ্যালয়, লৌহজং ৩। তেউটিয়া কিশোর-কিশোরী ক্লাব - উত্তর দিঘলী সরকারী প্রাথমিক বিদ্যালয়, লৌহজং ৪। কনকসার কিশোর-কিশোরী ক্লাব - সিংহেরহাট সরকারী প্রাথমিক বিদ্যালয়, লৌহজং ৫। হলদিয়া কিশোর-কিশোরী ক্লাব - উত্তর হলদিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, লৌহজং ৬। কুমারভোগ কিশোর-কিশোরী ক্লাব- উয়ারী সরকারী প্রাথমিক বিদ্যালয়, লৌহজং ৭। মেদিনীমন্ডল কিশোর-কিশোরী ক্লাব - দক্ষিণ মেদিনী মন্ডল সরকারী প্রাথমিক বিদ্যালয়, লৌহজং ৮। কলমা কিশোর-কিশোরী ক্লাব - ধাইদা ২নং সরকারী প্রাথমিক বিদ্যালয়, লৌহজং ৯। গাঁওদিয়া কিশোর-কিশোরী ক্লাব - গাঁওদিয়া ১ নং সরকারী প্রাথমিক বিদ্যালয়, লৌহজং ১০। খিদিরপাড়া কিশোর-কিশোরী ক্লাব - খলাপড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, লৌহজং</p> <p>তিনি জানান এ উপজেলায় ২ জন জেডার প্রোমোটারের পদের মধ্যে ১ জন জেডার প্রোমোটার, ৩ জন সঞ্জীত ও ৫ জন আবৃত্তি শিক্ষকের পদ শূন্য আছে। এই শূন্য পদে গত ০৩.০৪.২০২২ খ্রি. তারিখে নিয়োগ সম্পন্ন করে অগ্রাধিকার প্যানেল প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়। দীর্ঘদিন শূন্যপদে কর্তৃপক্ষের অবহেলার কারণে নিয়োগ প্রদান না করায় কিশোর-কিশোরী ক্লাব বাস্তবায়নে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তিনি আরও জানান কুমারভোগ ইউনিয়নে ক্লাবের জন্য উয়ারী স: প্রা: বিদ্যালয়ের নিচ তলার স্যাৎস্যাতে এবং স্কুলের পরিত্যক্ত মালামাল পূর্ণ রুমটি বরাদ্দ দেয়ায় ক্লাব কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন হচ্ছে। অনুরূপভাবে বেজগাঁও ইউনিয়নে ক্লাব ঘরও নিচ তলার ভাঙ্গা একটি রুম এবং স্কুলের বই দ্বারা পরিপূর্ণ থাকে। এখানেও ক্লাব সদস্যদের বসার সমস্যা হচ্ছে। সরকারের নির্দেশনা অনুযায়ী স্কুলের প্রাক-প্রাথমিক কক্ষটি প্রদান করলে ভাল হয়।</p>	<p>* এ বিষয়ে প্রকল্প কার্যালয়ে পত্র প্রেরণ করতে হবে।</p> <p>*স: প্রা: বি: এর প্রাক-প্রাথমিক কক্ষটি বরাদ্দ দিতে হবে।</p>	<p>সংশ্লিষ্ট নিয়োগ কমিটি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লৌহজং, মুন্সীগঞ্জ সংশ্লিষ্ট ভেন্যুর প্রধান শিক্ষকবৃন্দ</p> <p>“</p>